গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা- ১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩১২.১৪.০০৯.২৪. ৮22 তারিখ: ০৮/০২/১৪৩২বাং। 22/০৫/২০২৫ খ্রি:।

## অফিস আদেশ

**বিষয়: উন্নয়ন প্রকল্প/ সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP/RDPP) প্রণয়ন সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা ।**

উন্নয়ন প্রকল্প/ সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP/RDPP) যথাযথভাবে প্রণয়ন না করার ফলে প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে দ্বৈততা, ভূমি সংক্রান্ত জটিলতা ইত্যাদি নানাবিধ কারনে প্রকল্প বিলম্বিত হয় এবং যথাসময়ের পূর্বেই সংশোধন/পরবর্তী সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয়। স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD) এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED) কর্তৃক বিভিন্ন সভায় এতদসংক্রান্ত বিষয়ে বিভিন্ন সময়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। এই প্রেক্ষাপটে, উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু, দক্ষ ও সময়োপযোগী বাস্তবায়ন, এবং দপ্তরের নীতিগত ও পেশাগত মান সমুন্নত রাখার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ গুরুত্বসহকারে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে:

১। প্রস্তাবিত ডিপিপি/সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত প্রতিটি স্কীমের বিপরীতে মাঠ পর্যায় (উপজেলা এবং জেলা কার্যালয় ) থেকে দ্বৈততা, পেভমেন্টের ধরণ, চেইনেজ, প্রটেকটিভ ওয়ার্ক , ব্রীজ/কালভার্টের দৈর্ঘ্য, ভূমি অধিগ্রহণের প্রয়োজনীয়তা, জমির প্রাপ্যতা, পরিমাণ, প্রাক্কলিত ব্যয়, RSDMS-এর সাথে সংগতি, বাস্তবায়নযোগ্য কি-না, ইত্যাদি সংক্রান্ত প্রত্যয়ন গ্রহণপূর্বক ডিপিপি/আরডিপিপি উপস্থাপন করতে হবে ( নমুনা প্রত্যয়নপত্র সংযুক্ত)।

২। ডিপিপি/আরডিপি প্রণয়নের ক্ষেত্রে স্কীম তালিকার কোন স্কীম অন্য কোন চলমান প্রকল্প বা প্রস্তাবিত কোন প্রকল্পে অন্তর্ভুক্ত থাকলে মন্তব্য কলামে চেইনেজসহ প্রকল্পের নাম উল্লেখ করতে হবে।

৩। সংশোধিত ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে অত্রসাথ সংযুক্ত ছক পূরণ করতঃ স্কীমের সারসংক্ষেপ পৃথক পৃথক (সমাপ্তকৃত, চলমান, নতুন অন্তর্ভুক্ত ও বাদকৃত) ভাবে উপস্থাপন করতে হবে।

৪। অনুমোদিত প্রকল্পর্ভুক্ত স্কীম তালিকা প্রকল্প পরিচালকগণ সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

সংযুক্তি ১। স্কীমের সারসংক্ষেপ (RDPP'র জন্য প্রযোজ্য) ছক।
২। প্রত্যয়ন পত্রের নমুনা।

22/05/2025

(মো: আব্দুর রশীদ মিয়া)
প্রধান প্রকৌশলী( চলতি দায়িত্ব)
ফোনঃ ০২-৫৫০০৭২৪৮
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ ( অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ........ (সকল), এলজিইডি।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ........ (সকল), এলজিইডি।
৩। প্রকল্প পরিচালক, ........ (সকল), এলজিইডি।
৪। উপ- প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী, ........ (সকল), এলজিইডি।
৫। সিনিয়র সহকারী প্রকৌশলী, ........ (সকল), এলজিইডি।
৬। উপজেলা প্রকৌশলী, উপজেলা: ........ (সকল), এলজিইডি।
৭। সহকারী প্রকৌশলী ........ (সকল), এলজিইডি।

# সংশোধিত ডিপিপি'র সারসংক্ষেপ

## ক) অনুমোদিত ডিপিপিভুক্ত স্কীম

| অঙ্গের নাম | ডিপিপি ভুক্ত | | | সমাপ্তকৃত | | | চলমান | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | কি:মি:/ মি: | প্রাক্কলিত ব্যয় | সংখ্যা | কি:মি:/ মি: | প্রকৃত ব্যয় | সংখ্যা | কি:মি:/ মি: | চুক্তি মূল্য |
| সড়ক | | | | | | | | | |
| ব্রীজ | | | | | | | | | |
| কালভার্ট | | | | | | | | | |
| সড়ক পুনর্বাসন | | | | | | | | | |
| হাট- বাজার | | | | | | | | | |
| অন্যান্য অবকাঠামো (যদি থাকে) | | | | | | | | | |

## খ) অনুমোদিত ডিপিপি থেকে বাদকৃত স্কীম

| অঙ্গের নাম | সংখ্যা | কি:মি:/মি: | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| সড়ক | | | |
| ব্রীজ | | | |
| কালভার্ট | | | |
| সড়ক পুনর্বাসন | | | |
| হাট- বাজার | | | |

## গ) প্রস্তাবিত আরডিপিপিতে নতুন অন্তর্ভূক্ত স্কীম

| অঙ্গের নাম | সংখ্যা | কি:মি:/মি: | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| সড়ক | | | |
| ব্রীজ | | | |
| কালভার্ট | | | |
| সড়ক পুনর্বাসন | | | |
| হাট- বাজার | | | |

# প্রত্যয়নপত্র

প্রস্তাবিত স্কীমসমূহ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে এবং সেগুলি *Road and Structure Database Management System (RSDMS)*-এর সাথে সামঞ্জস্যপূর্ণ। উক্ত স্কীমসমূহের প্রাক্কলিত ব্যয়, প্রস্তাবিত ডিজাইন/পেভমেন্টের ধরণ, দৈর্ঘ্য, জমির প্রাপ্যতা ও পরিমাণ, অধিগ্রহণের প্রয়োজনীয়তা এবং অন্যান্য কারিগরি বিবরণ যথার্থ, বাস্তবভিত্তিক ও বাস্তবায়নযোগ্য। প্রস্তাবিত স্কীমসমূহের মধ্যে যেসব স্কীম ইতোমধ্যে অন্য কোনো প্রকল্পে অন্তর্ভুক্ত বা প্রস্তাবিত আছে, সেই সকল স্কীমের চেইনেজ উল্লেখসহ প্রকল্পসমূহের নাম যথাযথভাবে সংশ্লিষ্ট কলামে উল্লেখ করা হয়েছে।

| | |
|---|---|
| উপজেলা প্রকৌশলী | নির্বাহী প্রকৌশলী |



নোট:

১। স্কীম তালিকার নিচেও প্রত্যয়ন করা যাবে।

২। নির্বাহী প্রকৌশলী দৈব- চয়নের ভিত্তিতে স্কীম পরিদর্শন পূর্বক প্রত্যয়ন করবেন।